

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১১৪

الكفارات) अर्थ कांक्काताञ्जाल (کتاب الکفارات)

পরিচ্ছেদঃ ১১/১১. মন্দ কাজের শপথ করে তাতে অটল থাকা এবং শপথ ভঙ্গের কাক্ষারা শোধ না করা উভয়ই নিষিদ্ধ।

بَابِ النَّهْيِ أَنْ يَسْتَلِجَّ الرَّجُلُ فِي يَمِينِهِ وَلَا يُكَفِّرَ

আরবী

حَدَّتَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ حُمَيْدِ الْمَعْمَرِيُّ، عَنْ مَعْمَرٍ، عَنْ هَمَّامٍ، قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ قَالَ أَبُو الْقَاسِمِ - صلى الله عليه وسلم - " إِذَا اسْتَلَجَّ أَحَدُكُمْ فِي الْيَمِينِ فَإِنَّهُ آثَمُ لَهُ عِنْدَ اللَّهِ مِنَ الْكَفَّارَةِ النَّتِي أُمِرَ بِهَا " . حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا يَحْيَى بْنُ صَالِحٍ الْوُحَاظِيُّ، حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ سَلاَّمٍ، عَنْ يَحْيَى بْنُ صَالِحٍ الْوُحَاظِيُّ، حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ سَلاَّمٍ، عَنْ يَحْيَى بْنِ أَبِي هُرَيْرَةً، عَنِ النَّبِيِّ - صلى الله عليه وسلم - يَحْوَهُ .

বাংলা

১/২১১৪। আবূ হুরাইরাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আবূল কাসিম রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ আল্লাহর বিধানমত কাক্ষারা আদায় না করে কোন অসঙ্গত শপথের উপর অটল থাকলে সে আল্লাহর নিকট অপরাধী সাবস্তে হয়।

১/২১১৪ (১)। মুহাম্মাদ বিন ইয়াহইয়া-ইয়াহইয়া বিন সালিহ আল-ওয়াহাযী, মু'আবিয়াহ বিন সাল্লাম-ইয়াহইয়া বিন আবূ কাসীর, 'ইকরিমা-আবূ হুরাইরাহ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে অনুরূপ হাদীস বর্ণনা করেন।

English

It was narrated that Hammam heard Abu Hurairah saying that 'Abul-Qasim (ﷺ) said:

"If anyone of you insists on fulfilling what he swore to (after learning that it



is wrong) then it is more sinful before Allah than (breaking the oath for which) the expiation that has been enjoined upon him."

ফুটনোট

সহীহুল বুখারী ৬৬২৫, মুসলিম ১৬৫৫, আহমাদ ২৭৪২৭, ইরওয়াহ ৭/১৬৬, সহীহাহ ১২২৯।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী সুফইয়ান বিন ওয়াকী সম্পর্কে ইমাম বুখারী মন্তব্য করেছেন। ইমাম নাসাঈ বলেন, তিনি সিকাহ নন। ইবনু হিব্বান বলেন, তিনি সত্যবাদী। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আবু দাউদ আস-সাজিসতানী তার হাদিস বর্জন করেছেন। ইমাম যাহাবী তাকে দুর্বল বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৪১৮, ১১/২০০ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু সুফইয়ান বিন ওয়াকী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২০ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৩ টি অধিক দুর্বল, ৪ টি দুর্বল, ১১ টি হাসান, ২ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৬৬২৬, আহমাদ ৭৬৮৫, মুসান্নাফ আব্দুর রায্যাক ১৬০৩৬, মু'জামুল আওসাত ৪৬৫২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন